



শেষ মুহূর্তের ধাক্কায় জয় হাতছাড়া, ব্রেস্টফোর্ডের সঙ্গে ড্র করল চেলসি



সংগৃহীত ছবি

ব্রেস্টফোর্ডের বিপক্ষে শেষ মুহূর্তে গোল খেয়ে জয় থেকে বঞ্চিত হলো চেলসি। শনিবার জিটেক কমিউনিটি স্টেডিয়ামে প্রিমিয়ার লিগের ম্যাচে ২-২ গোলে ড্র করে তারা।

লিড নেওয়ার পরও যোগ করা সময়ে গোল খেয়ে পয়েন্ট ভাগ করতে হয় ব্লুজদের।

আন্তর্জাতিক বিরতির পর মাঠে নেমে জয় তুলে নিতে ব্যর্থ হয়েছে চেলসি। শনিবার (১৩ সেপ্টেম্বর) ব্রেস্টফোর্ডের মাঠ জিটেক কমিউনিটি স্টেডিয়ামে ২-২ গোলে ড্র করেছে তারা।

প্রথমার্ধে ম্যাচের নিয়ন্ত্রণে থাকলেও পিছিয়ে পড়ে ব্লুজরা। জর্ডান হেভারসনের লং পাস থেকে আক্রমণ গড়ে ৩৫ মিনিটে কেভিন শ্যাডে গোল করে ব্রেস্টফোর্ডকে এগিয়ে দেন। পুরো ম্যাচে চেলসি ১৬টি শট নিলেও মাত্র ৬টি লক্ষ্যে রাখতে সক্ষম হয়। বিপরীতে ব্রেস্টফোর্ডের ৭ শটের ৪টিই ছিল অন টার্গেট।

বিরতির পর কোচ এনজো মারেস্কা তিনটি পরিবর্তন আনেন। বদলি হিসেবে মাঠে নামেন কোল পালমার ও আলেক্সান্দ্রো গারনাচো। ৬১ মিনিটে পালমারের গোলে সমতায় ফেরে চেলসি। এরপর ৮৫ মিনিটে মোইজেস কাইসেডোর গোল তাদের ২-১ গোলে এগিয়ে দেয়। তবে যোগ করা সময়ের ৯৩ মিনিটে ফাবিও কারভালহোর গোল ব্রেস্টফোর্ডকে সমতায় ফেরায় এবং জয় হাতছাড়া হয় চেলসির।

চার ম্যাচ শেষে ৮ পয়েন্ট নিয়ে প্রিমিয়ার লিগ টেবিলের পঞ্চম স্থানে রয়েছে চেলসি। অন্যদিকে ব্রেস্টফোর্ড ১২ নম্বরে অবস্থান করছে। সামনে কঠিন সূচি অপেক্ষা করছে ব্লুজদের জন্য—এই সপ্তাহে চ্যাম্পিয়নস লিগে জার্মান চ্যাম্পিয়ন বায়ার্ন মিউনিখ এবং পরের ম্যাচে ঘরোয়া লিগে মুখোমুখি হবে ম্যানচেস্টার ইউনাইটেডের।